গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৭৫/২০১৮-২০১৯
ঢাকা, সোমবার ১১ মার্চ ২০১৯, ২৭ ফাল্গুন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ভবিষ্যৎ প্রজন্মকে আধুনিক করতে পারে স্কাউট : রাষ্ট্রপতি
২। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ৪টি প্রকল্প উদ্বোধন করবেন আজ
৩। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশকে ভারতের সমর্থন পুনর্ব্যক্ত
প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতীয় হাইকমিশনারের সাক্ষাৎ
৪। নৌবাহিনী প্রধানকে অ্যাডমিরাল র‌্যাংক ব্যাজ প্রদান
৫। সরকারি কর্মচারী কল্যাণ ভবনের নকশা দেখলেন প্রধানমন্ত্রী
৬। সংসদ সদস্যদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে এসডিজি অর্জন সহজ হবে : স্পিকার
৭। সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরকে কেবিনে নেওয়া হতে পারে আজ
৮। ৭৮ উপজেলা পরিষদ নির্বাচনের প্রথম ধাপের ভোটগ্রহণ সম্পন্ন
৯। রাজধানীসহ ৮ বিভাগীয় শহরে ক্যান্সার হাসপাতাল নির্মাণে
সংযুক্ত আরব আমিরাতের সহায়তা চেয়েছেন স্বাস্থ্যমন্ত্রী
১০। উৎপাদন বাড়িয়ে মধু রফতানির পথ খুঁজতে হবে : মৌ মেলা উদ্বোধন অনুষ্ঠানে কৃষিমন্ত্রী
১১। জলবায়ু পরিবর্তন মোকাবিলায় উন্নত দেশের সহায়তা কম : নবায়নযোগ্য জ্বালানি সম্মেলনে অর্থমন্ত্রী
১২। প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি মূল্যবোধও গড়ে তুলতে হবে : শিক্ষামন্ত্রী
১৩। স্বাধীনতা পদক পাচ্ছেন ১২ ব্যক্তি ও এক প্রতিষ্ঠান
১৪। বাংলাদেশ নারীর ক্ষমতায়নে বিশ্বে রোল মডেল হবে : পররাষ্ট্রমন্ত্রী
১৫। বস্ত্রখাতে বিদেশি প্রকৌশলীর নির্ভরতা কমাতে হবে : বস্ত্র ও পাটমন্ত্রী
১৬। আজ ডাকসুর ভোট

চলমান পাতা-২



১। ভবিষ্যৎ প্রজন্মকে আধুনিক করতে পারে স্কাউট : রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, স্কাউট আন্দোলন শিশু-কিশোরদের চারিত্রিক গুণাবলী বিকাশে খুবই গুরুত্বপূর্ণ। লেখাপড়ার পাশাপাশি সামাজিক বিভিন্ন কর্মকাণ্ডে নিজেদের সম্পৃক্ত করার মানসিকতা তৈরিতে স্কাউটিংয়ের ভূমিকা অনন্য। স্কাউটরা নিয়মিত সমাজসেবামূলক কাজের পাশাপাশি দেশের বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা ও আর্তমানবতার সেবায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলছে। তিনি গতকাল (১০ মার্চ রোববার) গাজীপুরের মৌচাকে ১০ম বাংলাদেশ ও ৩য় সানসো জাম্বুরির আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা

বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.২)।

**২। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ৪টি প্রকল্প উদ্বোধন করবেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ (১১ মার্চ সোমবার) ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশ সড়ক পরিবহণ করপোরেশন (বিআরটিসি) কে ১১০০ বাস ও ট্রাক সরবরাহসহ বাংলাদেশে ৪টি প্রকল্প যৌথভাবে উদ্বোধন করবেন। প্রধানমন্ত্রীর কার্যালয় সূত্র জানায়, দুই প্রধানমন্ত্রী আজ বাংলাদেশ সময় বেলা ১টা ১০ মিনিটে নিজ নিজ রাজধানী থেকে প্রকল্পগুলো উদ্বোধন করবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

**৩। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশকে ভারতের সমর্থন পুনর্ব্যক্ত**
**প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতীয় হাইকমিশনারের সাক্ষাৎ**

ঢাকায় নবনিযুক্ত ভারতীয় হাইকমিশনার রিভা গাঙ্গুলী দাস রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশকে ভারতের সমর্থনের কথা পুনর্ব্যক্ত করেছেন। গতকাল (১০ মার্চ রোববার) তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাতকালে একথা বলেন। তিনি বলেন, ১০ লক্ষাধিক রোহিঙ্গা জনগোষ্ঠীর আগমন বাংলাদেশের জন্য একটি বোঝাস্বরূপ। আমরা এ ইস্যুতে বাংলাদেশের পাশে রয়েছি। ভারতের হাইকমিশনার বলেন, বিপুলসংখ্যক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের বাংলাদেশে আশ্রয় প্রদান করার আন্তর্জাতিক সম্প্রদায়ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূয়সী প্রশংসা করেছে। বৈঠকে ভারতীয় হাইকমিশনার ভারতের রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর শুভেচ্ছা জ্ঞাপন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে। এ সময় বাংলাদেশকে ভারতের জন্য একটি গুরুত্বপূর্ণ উন্নয়ন অংশীদার হিসেবেও তিনি বর্ণনা করেন।

প্রধানমন্ত্রী বলেন, ভারত সরকার এবং সে দেশের জনগণ বাংলাদেশকে তার মুক্তিযুদ্ধের সময় থেকেই সবসময় সহযোগিতা করে আসছে। ভারত এবং বাংলাদেশ তাদের মধ্যকার দীর্ঘ সময় ধরে চলে আসা সীমান্ত সমস্যার সমাধান করছে উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, এটি আমাদের মুক্তিযুদ্ধকালীন সহযোগিতার মতোই একটি উদাহরণ হয়ে থাকবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **যুগান্তর** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৮)।

**৪। নৌবাহিনী প্রধানকে অ্যাডমিরাল র‌্যাংক ব্যাজ প্রদান**

নব-নিযুক্ত নৌবাহিনী প্রধান আওরঙ্গজেব চৌধুরীকে গতকাল (১০ মার্চ রোববার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অ্যাডমিরাল র‌্যাংক ব্যাজ পরানো হয়। সেনাবাহিনী প্রধান জেনারেল আজিজ আহমেদ এবং বিমানবাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল মাশিহুজ্জামান সেরনিয়াবাত নৌবাহিনী প্রধানকে অ্যাডমিরাল পদের র‌্যাংক ব্যাজ পরান। র‌্যাংক ব্যাজ পরানোর পর নতুন নৌবাহিনী প্রধান হিসেবে অ্যাডমিরাল চৌধুরীকে ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জানিয়ে তাঁর সাফল্য কামনা করেন প্রধানমন্ত্রী। অপরদিকে নৌবাহিনী প্রধান প্রধানমন্ত্রীকে ফুলের তোড়া দিয়ে অভিবাদন জ্ঞাপন করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

**৫। সরকারি কর্মচারী কল্যাণ ভবনের নকশা দেখলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর দিলকুশায় নির্মিতব্য বাংলাদেশ সরকারি কর্মচারী কল্যাণ ভবনের নকশাটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে দেখেছেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম বলেন, স্থাপত্য বিভাগের প্রধান নির্বাহী স্থপতি কাজী গোলাম নাসির গতকাল (১০ মার্চ রোববার) পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে নকশাটির ব্যাখ্যা করেন। তিনি বলেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব ফয়েজ আহমেদ সরকারি কর্মচারী কল্যাণ ভবনের বিভিন্ন দিক প্রধানমন্ত্রীকে অবহিত করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নকশা সম্পর্কিত কিছু নির্দেশ দিয়েছেন এবং তাদেরকে আবারো বসার জন্য বলেছেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।



**৬। সংসদ সদস্যদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে এসডিজি অর্জন সহজ হবে : স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ তত্ত্বাবধান ও নির্দেশনায় এসডিজি বাস্তবায়নে ইতোমধ্যে বেশ অগ্রগতি সাধিত হয়েছে। ২০৩০ সালের মধ্যে বাংলাদেশ এসডিজি লক্ষ্য অর্জনে সক্ষম হবে উল্লেখ করে তিনি বলেন, জাতিসংঘে এমডিজি ও এসডিজি লক্ষ্য নির্ধারণকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপস্থিত ছিলেন, এ বিরল সৌভাগ্য খুব কম রাজনীতিবিদের হয়। গতকাল (১০ মার্চ রোববার) সংসদের শপথকক্ষে বাংলাদেশ জাতীয় সংসদ ও জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি) আয়োজিত ‘এনহ্যান্সিং মেম্বার্স অফ পার্লামেন্টস

লিডারশিপ অন এজেন্ডা ২০৩০ ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট কন্ট্রিবিউশন টু এসডিজি'স এটেইনমেন্ট ইন বাংলাদেশ' শীর্ষক দিনব্যাপী কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্পিকার এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.৭)।

**৭। সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরকে কেবিনে নেওয়া হতে পারে আজ**

সিঙ্গাপুরে মাউন্ট এলিজাবেথ হাসপাতালে চিকিৎসাধীন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের স্বাস্থ্যের ক্রমোন্নতি হচ্ছে। তিনি চিকিৎসক এবং পরিবারের সদস্যদের সঙ্গে স্বাভাবিক কথা বলছেন। আজ তাঁকে আইসিইউ থেকে কেবিনে স্থানান্তরের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন তাঁর সঙ্গে থাকা বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের পরিচালক এবং নিওরোলজিস্ট প্রফেসর ডা. আবু নাসার রিজভী। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **সমকাল** (শেষ পৃ,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**৮। ৭৮ উপজেলা পরিষদ নির্বাচনের প্রথম ধাপের ভোটগ্রহণ সম্পন্ন**

ব্যাপক উৎসাহ উদ্দীপনা ও শান্তিপূর্ণ পরিবেশে পঞ্চম উপজেলা পরিষদ নির্বাচনের প্রথম ধাপের ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে। গতকাল (১০ মার্চ রোববার) প্রথম ধাপে রংপুর, ময়মনসিংহ, সিলেট ও রাজশাহী বিভাগের ৭৮ উপজেলায় সকাল ৮টা থেকে ভোটগ্রহণ শুরু, হয়ে বিকেল ৪টায় শেষ হয়। ভোট গ্রহণ পরবর্তী গণনা শেষে ফল ঘোষণা শুরু করেন সংশ্লিষ্ট রিটার্নিং কর্মকর্তারা। সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী-আওয়ামী লীগ মনোনিত চেয়ারম্যান প্রার্থী ২২ জন, স্বতন্ত্র ও অন্যান্য ৪ জনকে বিজয়ী ঘোষণা করা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** ( পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**৯। রাজধানীসহ ৮ বিভাগীয় শহরে ক্যান্সার হাসপাতাল নির্মাণে**
**সংযুক্ত আরব আমিরাতের সহায়তা চেয়েছেন স্বাস্থ্যমন্ত্রী**

রাজধানীতে একটি আন্তর্জাতিক মানসম্পন্ন ক্যান্সার হাসপাতালসহ দেশের ৮টি বিভাগীয় শহরে ক্যান্সার হাসপাতাল নির্মাণে সংযুক্ত আরব আমিরাতের সহায়তা চেয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক। গতকাল (১০ মার্চ রোববার) সচিবালয়ে সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত সায়েদ মোহাম্মদ আলমেহিরি স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে আসলে তিনি এ সহায়তা কামনা করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

**১০। উৎপাদন বাড়িয়ে মধু রফতানির পথ খুঁজতে হবে : মৌ মেলা উদ্বোধন অনুষ্ঠানে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. আবদুর রাজ্জাক বলেছেন, প্রতিবছর প্রচুর মধু আমদানি করতে হয়। বাণিজ্যিকীকরণের মাধ্যমে মধুর উৎপাদন বাড়ানো ও রফতানি প্রক্রিয়ার সম্প্রসারণ ঘটানোর পথ খুঁজে বের করতে হবে। ইতোমধ্যে জাপানে দেশের মধু রফতানি হচ্ছে। জাপানসহ পৃথিবীর বিভিন্ন দেশে আমাদের পণ্যের বহুমুখীকরণের মাধ্যমে রফতানি বাড়াতে হবে। গতকাল (১০ মার্চ রোববার) রাজধানীর ফার্মগেটে আ. কা. মু. গিয়াস উদ্দীন মিলকী অডিটরিয়াম চত্বরে তিন দিনব্যাপী জাতীয় মৌ মেলা-২০১৯ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন মন্ত্রী। সূত্র : **সমকাল** (পৃ.১৬,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.১), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**১১ । জলবায়ু পরিবর্তন মোকাবেলায় উন্নত দেশের সহায়তা কম**
**নবায়নযোগ্য জ্বালানি সম্মেলনে অর্থমন্ত্রী**

সবচেয়ে বেশি কার্বন নিঃসরণকারী চীন, যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়নে থাকা কিছু উন্নত দেশ জলবায়ু পরিবর্তনের জন্য দায়ী। কার্বন নিঃসরণ কম করলেও বাংলাদেশের মতো উপকূলী দেশগুলোকে এর খেসারত দিতে হচ্ছে। কিন্তু জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় উন্নত দেশগুলোর সহায়তা খুবই সামান্য। এমন মন্তব্য করে কার্বন নিঃসরণকারী দেশগুলোর বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহ্বান জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল (১০ মার্চ রোববার) শেরেবাংলা নগরের বঙ্গবন্ধু সম্মেলনকেন্দ্রে নবায়নযোগ্য ও সাশ্রয়ী জ্বালানিবিষয়ক দুই দিনব্যাপী ক্লিন এনার্জি সামিটের উদ্বোধনকালে অর্থমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১০,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।



**১২। প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি মূল্যবোধও গড়ে তুলতে হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী দীপু মনি বলেছেন, শিক্ষাখাতে যেসব পরিবর্তন হচ্ছে তার সঙ্গে তাল মিলিয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে অবশ্যই ইতিবাচক পরিবর্তন আনতে হবে। কারিকুলামের পাশাপাশি শিক্ষার্থীদের মধ্যে মানবিকতা, নৈতিকতা, দেশপ্রেম, সততা, কর্তব্যবোধ ও নিষ্ঠার মতো মূল্যবোধগুলোও গড়ে দিতে হবে। গতকাল (১০ মার্চ রোববার) চট্টগ্রামের ইস্ট ডেল্টা ইউনিভার্সিটির প্রথম সমাবর্তন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৬,ক.৮), **সংবাদ** (পৃ.৪,ক.৭), **নিউজ টুডে** (পৃ.২.ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**১৩। স্বাধীনতা পদক পাচ্ছেন ১২ ব্যক্তি ও এক প্রতিষ্ঠান**

জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ এ বছর **১২** জন ব্যক্তি ও একটি প্রতিষ্ঠানকে স্বাধীনতা পুরস্কারের জন্য চূড়ান্তভাবে মনোনীত করা হয়েছে। গতকাল (১০ মার্চ রোববার) মন্ত্রিপরিষদের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ২৫ মার্চ রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে মন্ত্রিপরিষদ বিভাগ আয়োজিত অনুষ্ঠানের মাধ্যমে মনোনীত ব্যক্তিদেরকে ও প্রতিষ্ঠানকে ২০১৯ সালের 'স্বাধীনতা পুরস্কার' তুলে দেবেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **সমকাল** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**১৪।  বাংলাদেশ নারীর ক্ষমতায়নে বিশ্বে রোল মডেল হবে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি নারীর ক্ষমতায়নে বাংলাদেশ বিশ্বে রোল মডেল হবে। নারীকে ক্ষমতায়িত ও স্বাবলম্বী করার লক্ষ্যে বর্তমান সরকার নানা মেয়াদি পরিকল্পনাও হাতে নিয়েছে। গতকাল (১০ মার্চ রোববার) রাজধানীর একটি হোটেলে শি'রকার্স মাইইও উইমেন সামিট-২০১৯ এর উদ্বোধন অনুষ্ঠানে বক্তৃতাকালে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**১৫।  বস্ত্রখাতে বিদেশি প্রকৌশলীর নির্ভরতা কমাতে হবে : পাটমন্ত্রী**

বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর বলেছেন, বস্ত্রখাতে বিদেশি প্রকৌশলীর নির্ভরতা কমিয়ে দেশীয় দক্ষ জনবল তৈরি করতে হবে। গতকাল (১০ মার্চ রোববার) সাভারে ন্যাশনাল ইনস্টিটিউট অভ্ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড রিসার্চ (নিটার) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৪), **ইত্তেফাক** (পৃ.৫,ক.৫)।

**১৬।  আজ ডাকসুর ভোট**

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনে ভোটগ্রহণ আজ। সকাল ৮ থেকে দুপুর ২টা পর্যন্ত এ ভোট গ্রহণ করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভোটকেন্দ্রে প্রবেশকারী সবারই ভোটগ্রহণ করা হবে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** ( পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

ক. **সমকাল :** বুড়িগঙ্গায় একটি যাত্রীবাহী লঞ্চের ধাক্কায় খেয়া নৌকার ছয় আরোহীর প্রাণ হারানোর ঘটনায় উদ্বেগ প্রকাশ করে সদরঘাট এলাকায় ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থা অবিলম্বে চালুর ওপর গুরুত্বারোপ।

খ. **ইত্তেফাক :** স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন জনস্বাস্থ্য ইনস্টিটিউটের পাবলিক হেলথ ল্যাবরেটরির এক প্রতিবেদনে বাজারে যেসব পানির জার পাওয়া যায় তার অধিকাংশেরই পানিতে রয়েছে ডায়রিয়া ও কলেরার জীবাণু এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **বণিক বার্তা :** জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার ২০১৮ সালের খাদ্য উৎপাদন ও প্রবৃদ্ধিসংক্রান্ত সর্বশেষ প্রতিবেদন অনুসারে খাদ্যশস্য উৎপাদনে রেকর্ড গড়েছে বাংলাদেশ উল্লেখ করে আরও উন্নয়নে কৃষিতে যান্ত্রিকীকরণের প্রসারের ওপর গুরুত্বারোপ।

ঘ. **যুগান্তর, ইনকিলাব, ভোরের কাগজ, যায়যায়দিন, সংবাদ, এশিয়ান এজ :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ-ডাকসুর বহুল প্রতীক্ষিত নির্বাচনে ভোটগ্রহণ আজ উল্লেখ করে নির্বাচনটি অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **জনকণ্ঠ :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিদ্যমান সড়ক-মহাসড়কের পাশাপাশি রেল ও নৌপথের ওপর সমধিক গুরুত্বারোপ করে জনমনে বিপুল আশার সঞ্চার করেছেন উল্লেখ করে এ নির্দেশনার পর সরকার ও সংশ্লিষ্ট মন্ত্রণালয় রেল ও নৌপথের উন্নয়নে যথাযথ মহাপরিকল্পনা নিয়ে অগ্রসর হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **অবজারভার :** দেশের একমাত্র ম্যানগ্রোভ বন সুন্দরবনের জীববৈচিত্র্য রক্ষায় নজর দেওয়ার সুপারিশ।

ছ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** জনগণের স্বাস্থ্য সুরক্ষায় ভেজালমুক্ত ও নিরাপদ পোলট্রির মাংস ও ডিম উৎপাদনের ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**আলোকিত বাংলাদেশ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিশুর সার্বিক বিকাশে প্রাতিষ্ঠানিক শিক্ষার কোনো বিকল্প নেই।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'তরুণদের হাত ধরে আসুক সোনালি সময়'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, আমাদের দেশের তরুণরা যদি শুধু চাকরিকেই জীবনের একমাত্র উদ্দেশ্য না করে তাদের মেধাকে কাজে লাগিয়ে সৃষ্টিশীল কাজে মেতে উঠে তাহলে বাংলাদেশ আর পিছিয়ে থাকবে না, তরুণরাও মুক্তি পাবে বেকারত্বের অভিশাপ থেকে।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা